

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd



স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৯৯.০০১.২০.১৩৮০

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭

০২ জুন ২০২০

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক স্বাস্থ্য বিধি সংক্রান্ত ১২ দফা নির্দেশনা প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। এছাড়া, এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য কতিপয় নির্দেশনা প্রদান করেছেন:

০২। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক স্বাস্থ্য বিধি সংক্রান্ত ১২ দফা যথাযথভাবে প্রতিপালনের পাশাপাশি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) কোন ভিজিটর Allow করা যাবে না;
- (খ) ইন্টারনেটের (ই-নথি, ই-মেইল ইত্যাদি) মাধ্যমে যোগাযোগ করতে হবে;
- (গ) কোন ভিজিটর চেয়ার রাখা যাবে না। যাদের দরকার তাঁরা টেলিফোনে কথা বলবেন;
- (ঘ) স্বাস্থ্য সেবা বিভাগের ১২ দফা নির্দেশনা প্রতিপালন করতে হবে;
- (ঙ) প্রতি ঘন্টায় করিডোর ও অন্যান্য কক্ষ সুইপ করতে হবে;
- (চ) দরজার নব, সিটকিনি, বৈদ্যুতিক সুইচ, রিমোট ইত্যাদি নিয়মিত বিরতিতে জার্মিসাইড দিয়ে মুছতে হবে;
- (ছ) প্রবেশ পথে থার্মাল গানের মাধ্যমে প্রতিদিন তাপমাত্রা রেকর্ড করতে হবে;
- (জ) বুটের মাইক্রোবাসের প্রতি সারিতে দু'জন দু'প্রান্তে বসবে;
- (ঝ) অফিসে প্রবেশের পর কাজ শেষ হওয়ার আগে বের হওয়া যাবে না, কাজ ছাড়া অন্য কক্ষে যাওয়া যাবে না;
- (ঞ) সর্বাবস্থায় মাস্ক ব্যবহার করতে হবে;
- (ট) AC ব্যবহার বন্ধ রাখতে হবে ও জানালা খোলা রাখতে হবে;
- (ঠ) হাতঘড়ি, ব্রেসলেট, আংটি, চেইন ইত্যাদি পরে অফিসে আসা যাবে না;
- (ড) মোজাসহ জুতা পরে অফিসে আসা উত্তম, চটি/স্যানেল পরে না আসা সবার জন্য মঞ্জলজনক;
- (ঢ) অফিস চলাকালীন চোখকে জীবাণুমুক্ত রাখতে চশমা বা সানগ্লাস ব্যবহার করতে হবে এবং
- (ন) জরুরী ও অত্যাবশ্যকীয় ব্যতীত সকল সভা ভার্চুয়াল উপস্থিতিতে আয়োজন করতে হবে।

২-৬-২০২০

মোহাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫১৪১৬৫

ইমেইল: dsadmin1@emrd.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
- ২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস
ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

- ৩) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৫) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট
- ৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
- ৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
- ৯) ব্যবস্থাপনা পরিচালক (সকল)
- ১০) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৯৯.০০১.২০.১৩৮০/১(৪)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭
০২ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।



২-৬-২০২০

মোহাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)